

যুব ও ক্রীড়া সম্পর্কিত উপজেলা কমিটি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল-এর সভার কার্যবিবরণীঃ


সভাপতি : নাজমুল হুদা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
তারিখ : ১৬/০৯/২০২১ সময় : ১১.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল এর অফিস কক্ষ।

টাঙ্গাইল সদর উপজেলার যুব ও ক্রীড়া সম্পর্কিত উপজেলা কমিটির সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা উপস্থাপন করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা এবং উপজেলা যুব ও ক্রীড়া সম্পর্কিত উপজেলা কমিটির সদস্য সচিবকে আহবান জানান হয়। কমিটির সদস্য সচিব সভাকে জানান যে, বিগত বছরগুলোর সাফল্যেও আলোকে বেকার যুবদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আউটসোর্সিং বিষয়ক প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন এবং দরিদ্র/হতদরিদ্র মহিলাদের আর্থিক অবস্থার উন্নয়নের জন্য ব্লক- বাটিক প্রশিক্ষণ অতীব প্রয়োজন, যাতে দরিদ্রতার হার কমিয়ে উপজেলার অর্থনৈতিক উন্নয়ন করা যায়। যাতে করে যুব সম্প্রদায় আধুনিক প্রযুক্তি ব্যবহার করে বেকারত্ব দূর করতে পারে এবং মহিলা উদ্যোক্তা তৈরী হয়ে আয়বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে সংযুক্ত হয়।

সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়-

সিদ্ধান্ত : প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য দাখিলকৃত প্রকল্প প্রস্তাবসমূহ দ্রুত অনুমোদনের জন্য উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করা হয়।



(নাজমুল হুদা)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

যুব ও ক্রীড়া সম্পর্কিত উপজেলা কমিটি
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
২. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
৩. চেয়ারম্যান, ----- ইউনিয়ন পরিষদ, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
৪. অফিস নথি।